# বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ার বিজয় দিবস পালন

একাত্তরের মহান মুক্তিযুদ্ধ আর বা-ালী জাতীয়তাবোধের চেতনায় অর্জিত আমাদের পরমপ্রিয় স্বাধীনতা। ত্রিশ লক্ষ শহীদ আর তিন লক্ষ মা-বোনের সর্বোচ্চ্য আত্বত্যাগের বিনিময়ে দীর্ঘ নয় মাসের রক্তাক্ত সশস্র মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত আমাদের বিজয়, আমাদের ডিসেম্বর। এই মাসে আমরা যেমন আমাদের বিজয়ে উদ্দেলিত হই, তেমনি গভীর শ্রদ্ধা ও বেদনার সাথে স্মরণ করি আমাদের বীর শহীদদের। সেই সাথে স্মরণ করি, রাজাকার জামায়াতীদের কাপুরুষীত হত্যাযজ্ঞের স্বীকার জাতির শ্রেষ্ঠ বুদ্ধিজীবিদের। এই বিজয়ের মাসে আমরা আমাদের জাতীয়তাবোধে অহংকারী হয়ে উঠি এবং শোষন, বঞ্চনার বিরূদ্ধে রুখে দাঁড়িয়ে অসম্প্রদায়িক সুজলা সুফলা শস্য-শ্যামলা বাংলাদেশ গড়ে তুলে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নকে দ্রুত সফল করে তুলতে প্রতিজ্ঞাবদ্ধ হই। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা ও বাংলাদেশ আওয়ামী লীগের সভানেত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ ভাবে আগামী দিনে বিজয়ের উদ্দেশ্যকে সাফল্য মন্ডিত করে আসুন আমরা একাত্তরের চেতনাকে লালন করি এবং সকলে মিলে আগামী বাংলাদেশ গড়ে তুলি।

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা আগামী **১৬ই** ডিসেম্বর, মহান বিজয় দিবস উপলক্ষ্যে একটি আলোচনা সভার আয়োজন করেছে। এই আলোচনা সভায় প্রাধান্য পাবে আমাদের মহান মুক্তিযুদ্ধ, আমাদের চেতনা বোধ, আগামী নির্বাচন ও আমাদের কর্তব্য।

**তারিখঃ** শনিবার ২০শে ডিসেম্বর ২০০৮
**সময়ঃ** বিকেল ৬টা
**স্থানঃ** রসনা বিলাশ (কড়াই মাসালা) ৪৭ রেলওয়ে প্যারেড - (বাংলাদেশ প্যালেসের পাশে), লাকেম্বা।
**সময়ঃ** বিকেল ৬টা

অনুষ্ঠানে সংশ্লিষ্ট সবাইকে সংঠনের পক্ষ থেকে সাদর আমন্ত্রন জানাচ্ছি।


ড. শামস্ রহমান
আহবায়ক
ফোনঃ ০৪০২-৮৫৫-০৫৯
বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা

আনিসুর রহমান রিতু
সদস্য সচিব
ফোনঃ ০৪০১-৪৫১-৪৫৭
বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখা